# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ সপ্তম অধ্যায় - যীশু ও প্রেরিতগণ বিষয়ক অশোভনীয়তা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৭. ১. ২৪. ১০. তালাক দেওয়া পাপ ও পুনর্বিবাহ ব্যভিচার!

যীশু স্ত্রী তালাক দেওয়া সর্বাবস্থায় নিষেধ করেছেন। তালাকের পরে বিবাহ করাকে ব্যভিচার বলে গণ্য করেছেন। এমনকি কোনো স্ত্রীকে যদি কোনো স্বামী কারণ বা অকারণে তালাক দেন তবে সে নারীকে অন্য কোনো পুরুষ বিবাহ করতে পারবে না। এরূপ বিবাহও ব্যভিচার। আর যীশু ইঞ্জিলের বিভিন্ন স্থানে নিশ্চিত করেছেন যে, ব্যভিচারের শাস্তি অনন্ত নরক। যীশু বলেন: "যে কেউ নিজের স্ত্রীকে তালাক দিয়ে অন্য স্ত্রীলোককে বিয়ে করে সে তার স্ত্রীর বিরুদ্ধে জেনা করে। আর স্ত্রী যদি স্বামীকে তালাক দিয়ে অন্য লোককে বিয়ে করে তবে সেও জেনা করে।" (মার্ক ১০/১১-১২, মো.০৬)

তিনি আরো বলেন: "যে কেউ নিজের স্ত্রীকে ছেড়ে দিয়ে আর একজনকে বিয়ে করে সে জেনা করে। স্বামী যাকে ছেড়ে দিয়েছে সেই রকম স্ত্রীকে যে বিয়ে করে সেও জেনা করে।" (লূক ১৬/১৮, মো.-০৬)

Source — https://www.hadithbd.com/books/link/?id=14383

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন